

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি নিফাকের কোন একটি অংশ বাস্তবায়ন করবে, তার ক্ষেত্রে নিফাক নাম ব্যবহার

ذِكْرُ إِطْلَاقِ اسْمِ النِّفَاقِ عَلَى مَنْ أَتَى بِجُزْءٍ مِنْ أَجْزَائِهِ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةَ حَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ عَنِ الْأَعْمَشِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ وَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أُربعُ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقًا خَالِصًا وَمَنْ كَانَتْ فِيهِ خَصِلْةٌ مِنْهَا كَانَتْ فِيهِ خَصِلَةٌ مِنْهَا كَانَتْ فِيهِ خَصِلَةً مِنْ النقاق حَتَّى يَدَعَهَا: إِذَا حَدَّثَ كَذَبَ وَإِذَا عَاهَدَ غَدَرَ وَإِذَا وَعَدَ أَخْلُفَ وَإِذَا خَاصَمَ فَجَرَ.)

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرٍو | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 254 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৫৪. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যার মধ্যে চারটি বৈশিষ্ট্যে আছে, সে ব্যক্তি খাঁটি মুনাফিক। আর যার মধ্যে একটি বৈশিষ্ট্য আছে, তার মধ্যে নিফাকের একটি বৈশিষ্ট্য রয়েছে, যতক্ষন তা পরিত্যাগ করে। (বৈশিষ্ট্যগুলো হলো) যখন সে কথা বলে মিথ্যা বলে, চুক্তি করলে ভঙ্গ করে, প্রতিশ্রুতি দিলে লঙ্ঘন করে, বিবাদে লিপ্ত হলে অশ্লীল ভাষা প্রয়োগ করে।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৯৩; সহীহ মুসলিম: ৫৮; আবু দাউদ: ৪৬৮৮; তিরমিযী: ২৬৩২; মুসনাদ আবু আওয়ানা: ১/২০; ইবনু মান্দাহ: ৫২২; সুনানু বাইহাকী: ৯/২৩০; মুসনাদ আহমাদ: ২/১৮৯; সহীহ আল বুখারী: ৩৪; নাসাঈ: ৮/১১৬; বাগাবী, শারুভ্স সুন্নাহ: ৩৭।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২৭/৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন